# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৫৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৭. নবী (ﷺ) এর বক্তব্য— উভয় কান মাথার অন্তর্ভুক্ত

بَابُ مَا رُوِيَ مِنْ قَوْلِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ الْأُذُنَانِ مِنَ الرَّأْسِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرِ بْنِ خُشَيْشٍ ، نَا يُوسُفُ بْنُ مُوسَى الْقَطَّانُ ، ثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ ، نَا حَمَّادُ بْنُ زَيْدٍ ، عَنْ سِنَانِ بْنِ رَبِيعَةَ ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ ، عَنْ أَبِي أُمَامَةَ ؛ أَنَّهُ وَصَفَ وُضُوءَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَقَالَ : كَانَ إِذَا تَوَضَّأَ مَسَحَ مَاقَيْهِ بِالْمَاءِ . قَالَ : أَبُو أُمَامَةَ : الْأُذُنَانِ مِنَ الرَّأْسِ ، قَالَ : سُلَيْمَانُ بْنُ حَرْبٍ : الْأُذُنَانِ مِنَ الرَّأْسِ ، إِنَّمَا هُوَ قَوْلُ أَبِي أُمَامَةَ فَمَنْ قَالَ غَيْرَ هَذَا ، فَقَدْ بَدَّلَ ، أَوْ كَلِمَةً قَالَهَا سُلَيْمَانُ ، أَيْ : أَخْطَأَ . خَالَفَهُ حَمَّادُ بْنُ سَلَمَةَ ؛ رَوَاهُ عَنْ سِنَانِ بْنِ رَبِيعَةَ ، عَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَانَ إِذَا تَوَضَّأَ غَسَلَ مَاقَيْهِ بِأَصْبُعَيْهِ ، وَلَمْ يَذْكُرِ الْأُذُنَيْنِ . حَدَّثَنَا دَعْلَجُ بْنُ أَحْمَدَ ، قَالَ : سَأَلْتُ مُوسَى بْنَ هَارُونَ ، عَنْ هَذَا الْحَدِيثِ ، فَقَالَ : لَيْسَ بِشَيْءٍ ، فِيهِ شَهْرُ بْنُ حَوْشَبٍ ، وَشَهْرٌ ضَعِيفٌ ، وَالْحَدِيثُ فِي رَفْعِهِ شَكٌّ ، وَقَالَ ابْنُ أَبِي حَاتِمٍ : قَالَ أَبِي : سِنَانُ بْنُ رَبِيعَةَ أَبُو رَبِيعَةَ مُضْطَرِبُ الْحَدِيثِ

বাংলা

৩৫৫(৪১). আবদুল্লাহ ইবনে জা’ফার ইবন খুশায়শ (রহঃ) ... আবু উমামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উযুর বর্ণনা দিয়ে বলেন, (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন উযু করতেন তখন পানি দিয়ে নিজের দুই চোখের কোণা মসেহ করতেন। রাবী বলেন, আবু উমামা (রাঃ) বলেছেন, উভয় কান মাথার অংশ।

সুলায়মান ইবনে হারব (রহঃ) বলেন, নিশ্চয়ই এটা আবু উমামার উক্তি। কোন ব্যক্তি এর অন্যথা বললে সে সঠিক বস্তু পরিবর্তন করলো, অথবা সুলায়মান (রহঃ) অনুরূপ কথা বলেছেন অর্থাৎ সে ভুল করলো। হাম্মাদ ইবনে সালামা (রহঃ) তার বিপরীত বর্ণনা করেছেন। তিনি সিনান ইবনে রাবীআ-আনাস (রাঃ) সূত্রে এই হাদীস বর্ণনা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন উযু করতেন তখন তাঁর দুই আঙ্গুল দিয়ে উভয় চোখের কোণ

ধৌত করতেন এবং এই হাদীসে তিনি দুই কানের উল্লেখ করেননি।

দা’লাজ ইবনে আহমাদ (রহঃ)-এর নিকট এই হাদীস সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, এই হাদীস গ্রহণযোগ্য নয়। এর রাবীদের মধ্যে শাহর ইবনে হাওশাবও রয়েছেন। তিনি হাদীসশাস্ত্রে দুর্বল। এই হাদীস মারফু হওয়ার ব্যাপারে সন্দেহ আছে। ইবনে আবু হাতেম (রহঃ) বলেন, আমার পিতা বলেছেন, সিনান ইবনে রাবীআ হলেন আবু রাবীআ, তিনি হাদীস বর্ণনায় গড়মিল করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80144

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন